গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.৪৭০০.০৪২.১৪.০৪৬.১৭-১৪৬৪

তারিখ: ০২ আশ্বিন ১৪২৭ / ১৭ সেপ্টেম্বর ২০২০

বিষয়: ২০১৯-২০২০ অর্থ বছরে খুলনা জেলা পরিষদের অনুকূলে এডিপি বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র: খুলনা জেলা পরিষদের স্মারক নং-জেপখু/প্রকৌঃ/এক-১/জি/২০১৯-২০২০/৪৮১; তারিখ: ১৩/০৮/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যেন ২০১৯-২০২০ অর্থ বছরে খুলনা জেলা পরিষদের অনুকূলে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ১৯,০০,০০০/-(উনিশ লক্ষ) টাকায় গৃহীত ১১টি প্রকল্পের মধ্যে তালিকার ক্রমিক নং-০২ এ উল্লেখিত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার প্রকল্পটি সম্পূর্ণ ব্যক্তিকেন্দ্রীক, কমিউনিটি উপকারভোগী নয় বিধায় উক্ত প্রকল্পটি পরিবর্তন করে পুনঃপ্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো। প্রকল্প তালিকার ক্রমিক নং-০৪ ও ০৬ এ উল্লেখিত রুপসা উপঃ জে. কে এস ক্রীড়া সংস্থা উন্নয়ন প্রকল্প ০২টি একই হওয়ায় দ্বৈততা পরিহারের লক্ষ্যে ক্রমিক নং ০৬ এ উল্লেখিত ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার প্রকল্পটি বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো। একই সাথে ব্যক্তিকেন্দ্রীক প্রকল্প যেখানে কমিউনিটি উপকারভোগী না এমন প্রকল্প গ্রহণ না করার জন্যও অনুরোধ করা হলো।

(মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী)
উপসচিব
ফোন: ৯৫৭৫৫৬৮
Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, খুলনা।

অনুলিপি:

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।